

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
www.nbr.gov.bd

নম্বর : ০৮.০১.০০০০.০১১.০১.০০৭.১৯-

তারিখঃ- ০২ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন


সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩(১)(খ) ধারার বিধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৬ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.০৯-১৮৩২ নং প্রজ্ঞাপন এবং মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৫৮২২/২০১৯ এর ১০/০৭/২০১৯ খ্রিঃ তারিখের আদেশের প্রেক্ষিতে মুজিবনগর কর্মচারীকে মুক্তিযোদ্ধা হিসেবে গণ্য করে জনাব মোঃ আব্দুস সাত্তার, (জন্ম তারিখ ১৩/১০/১৯৬০ খ্রিঃ) সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা-কে তাঁর বয়স ৬০ বছর পূর্তিতে ১২/১০/২০২০ খ্রিঃ তারিখে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পসুমা হিসেবে ১৩/১০/২০২০ খ্রিঃ তারিখ হতে ১২/১০/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

০৪। উল্লেখ্য যে, মহামান্য হাইকোর্ট বিভাগের দায়েরকৃত রীট পিটিশন নম্বর-৫৮২২/২০১৯ এর চূড়ান্ত আদেশের পর পেনশন/আনুতোষিক মঞ্জুর করা হবে এবং চূড়ান্ত আদেশ দ্বারা উক্ত রিট পিটিশন খারিজ হলে/উচ্চ আদালতের আদেশ দ্বারা আবেদন খারিজ হলে চাকরি বর্ধিতকালীন সময়ের গৃহীত বেতন-ভাতা ও আর্থিক সুবিধাদি তাঁর পেনশন/আনুতোষিক এর অর্থ হতে কর্তন করা হবে।

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(শেখ মেজবাহ-উল-সাবেরিন)
দ্বিতীয় সচিব (শঃ ভঃ প্রঃ-১)
ফোন:-৮৩৯১৬৩৪

নম্বর : ০৮.০১.০০০০.০১১.০১.০০৭.১৯-/৮২০(০২)

তারিখঃ- ০২ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :


০১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

০২। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

০৫। জনাব মোঃ আব্দুস সাত্তার, সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।


(শেখ মেজবাহ-উল-সাবেরিন)
দ্বিতীয় সচিব (শঃ ভঃ প্রঃ-১)